

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০১৭(অংশ-২)-১৩১৯

তারিখ : ২৮/১১/২০১৭

প্রেরক : মোহাম্মদ জহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
মৌচাক টাওয়ার (১১ তলা) ৮৩/বি, নিউ সার্কুলার রোড, ঢাকা।

বিষয় : ২০১৭-১৮ অর্থ বৎসরের উপজেলা পরিষদের আওতায় ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ খাতে ২.০০ কোটি (দুই কোটি) টাকা মঞ্জুরী প্রদান।


মহোদয়,

অর্থ বিভাগের ৩০-০৮-২০০০ তারিখের অমঃঅবিঃ/উঃ-১/বিবিধ-৪৬/৯৭-৪৬৯ নং স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতা বলে ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (কোড নম্বর-৫০১০) উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা খোক বরাদ্দের ৫০০.০০ কোটি (পাঁচশত কোটি) টাকার উপজেলা পরিষদের আওতায় ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ উপখাতে রক্ষিত ৩৫.০০ কোটি (পয়ত্রিশ কোটি) টাকা হতে নিম্নবর্ণিত উপজেলা পরিষদের অনুকূলে (২য় পর্যায়) ২.০০ কোটি (দুই কোটি) টাকা নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

জেলার নাম	উপজেলার নাম	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (কোটি টাকায়)
বরিশাল	গৌরনদী	উপজেলা পরিষদের আওতায় ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ	২.০০

শর্তাবলী

- এই ব্যয় ২০১৭-২০১৮ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ৩৪, ৩৭ স্থানীয় সরকার বিভাগ, ৫ উন্নয়ন, ৩৭০১ সচিবালয়, ৫০১০-৭৯৮১ কোডে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা খোক বরাদ্দ হতে মিটানো হবে।
- প্রচলিত সরকারি বিধান ও এ বিভাগ কর্তৃক ১০-১১-২০১৪ খ্রিঃ তারিখে ৪৬.০৪৫.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১০৬৮ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণে পিপিআর, সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে মঞ্জুরীকৃত এই বরাদ্দের অর্থ ব্যয় করা হবে।
- উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার যৌথভাবে মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবেন।
- এই বরাদ্দের অধীন অনুমোদিত স্কীম এবং প্রচলিত আর্থিক রীতিনীতি অনুযায়ী ব্যয় নির্বাহ করে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট বিল দাখিলপূর্বক সরকারি তহবিল থেকে প্রয়োজনীয় অর্থ আহরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ বাস্তবায়িত কাজের অগ্রগতি সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরে ১৫-০৭-২০১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।
- নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে ভবনের Soil Test- করে ফাউন্ডেশন এলজিইডি'র ডিজাইন ইউনিট হতে যাচাইপূর্বক নির্ধারিত প্রাক্কলিত মূল্য বৃদ্ধি পেলে এ বিভাগ হতে পূর্বানুমোদন নিতে হবে।
- সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।
- এই ব্যয় মঞ্জুরিতে অর্থ বিভাগের ৩১/০৭/২০১৭ খ্রি তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০১.২০১০-৫৩৯ নং স্মারকের সম্মতি রয়েছে।




মোহাম্মদ জহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭২৩০

তারিখ : ২৮/১১/২০১৭

স্মারক নং-৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০১৭(অংশ-২)- ১৩১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- সিনিয়র সচিব, অর্থ বিভাগ (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১)।
- কমিশনার, -----বিভাগ।
- জেলা প্রশাসক, -----জেলা।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলাঃ----- জেলা-----।
- ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, উপজেলাঃ----- জেলা-----।
- উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ----- জেলাঃ-----।
- নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,-----, তাঁকে অনুমোদিত স্কীম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে যথাযথ কারিগরী মান বজায় রাখার বিষয়ে নিশ্চিত করতে হবে।
- জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার, উপজেলাঃ----- জেলা-----।
- উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ----- জেলা-----।
- সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), স্থানীয় সরকার বিভাগ।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জি,ও কপিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



মোহাম্মদ জহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব